ফিরে ফিরে ডাক্ দেখি রে পরান খুলে,   ডাক্ ডাক্ ডাক্   ফিরে ফিরে।
দেখব কেমন রয় সে ভুলে ॥
সে ডাক বেড়াক বনে বনে,   সে ডাক শুধাক জনে জনে,
সে ডাক বুকে দুঃখে সুখে   ফিরুক দুলে ॥
সাঁজ-সকালে রাত্রিবেলায়   ক্ষণে ক্ষণে
একলা ব'সে ডাক্ দেখি তায়   মনে মনে।
নয়ন তোরই ডাকুক তারে, শ্রবণ রহুক পথের ধারে,
থাক্-না সে ডাক গলায় গাঁথা   মালার ফুলে ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Style: Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail